# যেন সে এক নৃশংস নিষাদ

পদ্য চাইলে পদ্য পাবে স্পষ্ট ও সরল ভাষায়
এই কথা বলে সে লিখে দেয় সতেজ অক্ষর।
প্রেমও বিষয় হয়, কিংবা চাইলে অপ্রেমে অস্থির
ঘূর্ণি তোলে চিদাকাশে এমনি তার নির্মম কলম।

ইস্পাতের ফলার মতো নিরঙ্কুশ এ ধারে ও ধারে
যেন বা ক্ষুরস্য ধারা অনায়েসে কাটতে পারে সুখ।
অসুখেও অপ্রীতি নেই, স্বঘোষিত নৃশংস নিষাদ
তার কাছে দেয় বা অদেয় বলে কোনো কিছু নেই।

খাণ্ডব অরণ্য ঘিরে তারই হাতে জ্বলছে মশাল
বেরোবার পথ নেই, রাত্রিদিন কঠিন পাহারা
এ সবই তার কাজ, বলতে পারো কর্তব্য সে মানে
কারো কাছে নত নয়, স্পর্ধায় উচ্চে রাখে শির।

তবুও আসলে সে পদ্য লেখে, প্রেমের কাঙাল
তাকে কাছে পেতে দ্যাখো কেমন সেজেছে বসুন্ধরা।

কৃষ্ণ ধর

সৃষ্টিসন্ধান